গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# শিক্ষা মন্ত্রণালয়

# মাধ্যমিক বিদ্যালয় ও দাখিল মাদ্‌রাসায়

# স্টুডেন্টস কেবিনেট ম্যানুয়াল


মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

১৬ আব্দুল গণি রোড, শিক্ষা ভবন, ঢাকা-১০০০

ফোকাল পয়েন্ট : পরিচালক, ব্যানবেইস

১ সোনারগাঁও রোড (পলাশী-নীলক্ষেত), ঢাকা-১২০৫

Email: info@banbeis.gov.bd Website: www.banbeis.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**শিক্ষা মন্ত্রণালয়**

# মাধ্যমিক বিদ্যালয় ও দাখিল মাদ্‌রাসায় স্টুডেন্টস কেবিনেট ম্যানুয়াল

**মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর**

১৬ আব্দুল গণি রোড, শিক্ষা ভবন, ঢাকা-১০০০

**ফোকাল পয়েন্ট : পরিচালক, ব্যানবেইস**

১ সোনারগাঁও রোড (পলাশী-নীলক্ষেত), ঢাকা-১২০৫

Email: info@banbeis.gov.bd Website: www.banbeis.gov.bd

# মাধ্যমিক বিদ্যালয় ও দাখিল মাদ্‌রাসায় স্টুডেন্টস কেবিনেট ম্যানুয়াল

**ভূমিকা:**

বিদ্যালয় ও মাদ্‌রাসায় ছাত্র ভর্তি বৃদ্ধি, ঝরে পড়া রোধ, শিক্ষার মানবৃদ্ধি ও উন্নয়নমূলক কর্মকান্ডে শিক্ষার্থীদের সম্পৃক্ত করা যেতে পারে। বিভিন্ন উন্নয়নশীল দেশে বিদ্যালয় আঙ্গিনা ও শ্রেণিকক্ষ পরিষ্কার, খাবার পানি সংগ্রহ, আসন বিন্যাস, স্বাস্থ্য উন্নয়ন, শিক্ষা উপকরণ সরবরাহ, বিদ্যালয়ে বাগান তৈরি ও পরিবেশ উন্নয়নসহ বিতর্ক আয়োজন এবং ক্রীড়া ও সংস্কৃতিমূলক কর্মকান্ডে Students Cabinet বিশেষ ভূমিকা রেখে থাকে। শিক্ষার্থীদের সম্মিলিত তৎপরতায় স্থানীয় জনপ্রতিনিধির নিকট থেকে বিদ্যালয়ের জন্য প্রয়োজনীয় সম্পদ ও সেবা সংগ্রহ করা সম্ভব। Students Cabinet এর সহায়তায় ছাত্রছাত্রীদেরকে বিদ্যালয়মুখী করার জন্য উদ্বুদ্ধকরণ সভা, হোম ভিজিট ও অভিভাবকগণের সাথে যোগসূত্র স্থাপন সম্ভব। একই সাথে স্থানীয় পর্যায়ে শিক্ষা উন্নয়ন এবং খেলার সরঞ্জামাদি সংগ্রহে শিক্ষার্থীরা ভূমিকা পালন করতে পারে। নির্বাচনের মাধ্যমে Students Cabinet গঠিত হওয়ার পরেই নির্বাচিত প্রতিনিধিরা নিজেদের মধ্যে আলাপ আলোচনার মাধ্যমে চাহিদার ভিত্তিতে সাংবাৎসরিক কর্মপরিকল্পনা প্রণয়ন করবে এবং এ লক্ষ্যে প্রয়োজনীয় সহযোগিতার উৎসসমূহ চিহ্নিত করবে। অনুরূপ চর্চার মাধ্যমে তারা ভবিষ্যৎ পরিকল্পনা প্রণয়ন কার্যক্রম সম্পর্কে অবহিত হবে। এর মাধ্যমে শিক্ষার্থীগণ শিশুকাল থেকে গণতন্ত্রের চর্চা ও গণতান্ত্রিক মূল্যবোধের প্রতি শ্রদ্ধাশীল হয়ে উঠবে। এ লক্ষ্যে বিদ্যালয়ের যে সকল কার্যক্রমে শিক্ষার্থীরা ভূমিকা রাখতে পারে সেসব ক্ষেত্রে তাদের সম্পৃক্ত করা যেতে পারে। প্রাথমিকভাবে পরিবেশ সংরক্ষণ, পুস্তক ও শিখন সামগ্রী, স্বাস্থ্য, ক্রীড়া ও সংস্কৃতি, পানি সরবরাহ/সংগ্রহ, বৃক্ষরোপণ ও বাগান তৈরি এবং অভ্যর্থনা ও আপ্যায়ন ক্ষেত্রে তাদেরকে সম্পৃক্ত করা যেতে পারে।

**২। স্টুডেন্টস কেবিনেট (Students Cabinet) গঠনের উদ্দেশ্য:**

২.১ শিশুকাল থেকে গণতন্ত্রের চর্চা এবং গণতান্ত্রিক মূল্যবোধের প্রতি শ্রদ্ধাশীল হওয়া।

২.২ অন্যের মতামতের প্রতি সহিষ্ণুতা এবং শ্রদ্ধা প্রদর্শন।

২.৩ শিক্ষা প্রতিষ্ঠানে শিখন শিখানো কার্যক্রমে শিক্ষকমন্ডলীকে সহায়তা করা।

২.৪ শিক্ষা প্রতিষ্ঠানে ১০০% ছাত্র ভর্তি ও ঝরে পড়া রোধে সহযোগিতা করা।

২.৫ শিখন শেখানো কার্যক্রমে শিক্ষার্থীদের মাধ্যমে অভিভাবকদের সম্পৃক্ত করা।

২.৬ শিক্ষা প্রতিষ্ঠানের পরিবেশ উন্নয়ন কর্মকান্ডে শিক্ষার্থীদের অংশগ্রহণ নিশ্চিত করা।

২.৭ ক্রীড়া, সংস্কৃতি ও সহশিক্ষা কার্যক্রমে শিক্ষার্থীদের অংশগ্রহণ নিশ্চিত করা।

**৩। স্টুডেন্টস কেবিনেট গঠন:**

৩.১ প্রত্যেক মাধ্যমিক বিদ্যালয় ও দাখিল মাদ্‌রাসায় একটি স্টুডেন্টস কেবিনেট গঠন করা যাবে;

৩.২ শিক্ষার্থীদের সরাসরি ভোটে নির্বাচিত প্রত্যেক স্টুডেন্টস কেবিনেট এ ৮ জন নির্বাচিত প্রতিনিধি থাকবে। ৬ষ্ঠ শ্রেণি থেকে ১০ম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীরা নির্বাচনে প্রার্থী হবে এবং ৬ষ্ঠ থেকে ১০ম শ্রেণি পর্যন্ত প্রতি শ্রেণি থেকে কমপক্ষে ১জন করে প্রতিনিধি নির্বাচিত হবে। ৫ শ্রেণিতে ৫ জন নির্বাচনের পর সর্বোচ্চ ভোট প্রাপ্ত যে কোন ৩ শ্রেণি থেকে ৩ জন নির্বাচিত হবে। শিক্ষা প্রতিষ্ঠানের শাখা (ব্রাঞ্চ) বা শিফট চালু থাকলে প্রতি শাখা/শিফট এর জন্য একটি স্টুডেন্টস কেবিনেট গঠন করা যাবে।

৩.৩ স্টুডেন্টস কেবিনেট এর প্রথম সভায় প্রতিটি শ্রেণি থেকে(৬ষ্ঠ শ্রেণি থেকে ১০ম শ্রেণি) থেকে ২ জন করে সহযোগি সদস্য মনোনীত করবে। তারা নির্বাচিত প্রতিনিধিকে যাবতীয় সহায়তা প্রদান করবে। সহযোগি প্রতিনিধি মনোনয়নের ক্ষেত্রে জেন্ডার ব্যালেন্স রক্ষা করতে হবে। তাদের ভোটিং ক্ষমতা থাকবেনা;

৩.৪ স্টুডেন্টস কেবিনেট এর মেয়াদ ১ বৎসর হবে এবং প্রতি বছর জানুয়ারি মাসে স্টুডেন্টস কেবিনেট এর নির্বাচন অনুষ্ঠিত হবে; এবং

৩.৫ নির্বাচিত প্রতিনিধিগণের একজন প্রধান প্রতিনিধি হিসেবে মনোনীত হবে। স্টুডেন্টস কেবিনেট এর ১ম সভায় নির্বাচিত প্রতিনিধিগণ প্রধান প্রতিনিধি মনোনয়ন করবে।

**৪। ভোটার ও ভোটার তালিকা:**

শিক্ষা প্রতিষ্ঠান প্রধান নির্বাচনের কমপক্ষে ১০ দিন পূর্বে ভোটার তালিকা প্রস্তুত ও প্রকাশ করবেন। ভোটার তালিকা প্রকাশের পূর্বদিন পর্যন্ত ৬ষ্ঠ শ্রেণি থেকে ১০ম শ্রেণিতে ভর্তিকৃত ছাত্রছাত্রীরা ভোটার হবে। ভোটার তালিকায় প্রতিষ্ঠান প্রধান ও প্রধান নির্বাচন কমিশনার স্বাক্ষর করবেন।

**৫। নির্বাচন কমিশন:**

৫.১ প্রতিষ্ঠান প্রধান এবং সহকারী শিক্ষকগণ কর্তৃক যৌথভাবে মনোনীত ১০ম শ্রেণির ১জন ছাত্র বা ছাত্রী প্রধান নির্বাচন কমিশনার এবং ৮ম ও ৯ম শ্রেণির একজন করে ২ জন ছাত্র বা ছাত্রী নির্বাচন কমিশনার হিসেবে নির্বাচন কমিশনের দায়িত্ব পালন করবে; এবং

৫.২ নির্বাচন কমিশন প্রতিষ্ঠান প্রধানের উপদেশ ও পরামর্শ নিয়ে নির্বাচন সংক্রান্ত যাবতীয় দায়িত্ব পালন করবে।

৫.৩ নির্বাচন কমিশনারগণ যথানিয়মে তাদের ভোট দিতে পারবে।

**৬। প্রিজাইডিং অফিসার ও পোলিং অফিসার:**

নির্বাচন কমিশনার প্রতিষ্ঠান প্রধানের পরামর্শ নিয়ে প্রতি ভোট কক্ষে (বুথে) ভোটারদের মধ্যে থেকে একজন প্রিজাইডিং অফিসার ও দুইজন পোলিং অফিসার নিয়োগ করবে। তারা ভোট গ্রহণের দিন নির্ধারিত সময়ে সুষ্ঠুভাবে ভোট গ্রহণ ও গণনার দায়িত্ব পালন করবে। প্রিজাইডিং ও পোলিং অফিসারগণ যথানিয়মে নিজের ভোট দিতে পারবে।

**৭। পোলিং এজেন্ট:**

নির্বাচনে প্রতিদ্বন্দ্বী প্রার্থী প্রতি ভোট কক্ষে (Polling Booth) একজন করে পোলিং এজেন্ট মনোনীত করতে পারবে। মনোনীত এজেন্টদের নাম নির্বাচন কমিশনের নিকট নির্বাচনের পূর্বদিন জমা দিতে হবে। অন্যথায় নির্বাচন কমিশন প্রতিষ্ঠান প্রধানের পরামর্শ নিয়ে প্রতি ভোটকক্ষে প্রতি শ্রেণি থেকে ২ জন করে ছাত্রছাত্রী নির্বাচন করে পোলিং এজেন্ট নিয়োগ করবে। পোলিং এজেন্ট ভোট গ্রহণ কাজে সহায়তা করবে। পোলিং এজেন্ট যথানিয়মে নিজের ভোট দিতে পারবে।

**৮। নির্বাচন তফসিল:**

ম্যানুয়ালের নির্দেশনা অনুসরণে নির্বাচন কমিশন প্রতিষ্ঠান প্রধানের পরামর্শ নিয়ে নির্বাচন তফসিল প্রস্তুত ও প্রকাশ করবে।

**৯। প্রার্থীর যোগ্যতা ও মনোনয়নপত্র দাখিল:**

৬ষ্ঠ থেকে ১০ম শ্রেণিতে অধ্যয়নরত ও ভোটারতালিকাভুক্ত ছাত্র ছাত্রী নির্বাচনে প্রার্থী হিসেবে যোগ্য হবে এবং প্রার্থীতা ঘোষণা করে নির্বাচনে অংশগ্রহণ করতে পারবে। নির্বাচন তফসিলে বর্ণিত তারিখে আগ্রহী প্রার্থীগণ নির্বাচনে অংশগ্রহণের জন্য নির্ধারিত মনোনয়নপত্রে প্রার্থীতা ঘোষণা করতে পারবে। মনোনয়নপত্রে প্রার্থীর পক্ষে একজন প্রস্তাবক ও সমর্থনকারী থাকবে এবং তাদের স্বাক্ষর থাকবে।

**১০। মনোনয়নপত্র গ্রহণ ও বাছাই:**

নির্বাচন কমিশনার আগ্রহী প্রার্থীদের দাখিলকৃত মনোনয়নপত্র গ্রহণ করবে এবং নির্ধারিত তারিখে তা বাছাই করে চূড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশ করবে। এ বিষয়ে প্রতিষ্ঠান প্রধান ও শিক্ষকগণ পরামর্শ ও সহায়তা প্রদান করবেন।

**১১। নির্বাচন প্রতীক:**

নির্বাচনে কোন প্রতীক/মার্কা ব্যবহার করা যাবে না।

**১২। প্রচার:**

নির্বাচন প্রচারণায় কোন রকম ছাপানো/মুদ্রিত পোস্টার, ফেস্টুন, লিফলেট ব্যবহার করা ও দেয়ালে লিখা যাবে না। শিক্ষার্থীদের হাতে লিখা পোস্টার, ফেস্টুন, লিফলেট ব্যবহার করা যাবে। প্রতিষ্ঠানের সীমানা বা চত্বরের বাইরে এমনকি সীমানা প্রাচীরের বাইরের দিকে কোন প্রকার প্রচার প্রচারণা করা যাবে না।

**১৩। শৃঙ্খলা:**

নির্বাচন কমিশনার প্রতিষ্ঠান প্রধানের পরামর্শ নিয়ে নির্বাচনের দিন নির্বাচন সংক্রান্ত শৃঙ্খলা রক্ষায় শিক্ষার্থীদের দায়িত্ব প্রদান করবে। দায়িত্বপ্রাপ্ত শিক্ষার্থীরা শৃঙ্খলা রক্ষায় সচেষ্ট থাকবে। সকল শিক্ষক বিষয়টি মনিটরিং করবেন। স্কাউটস বা গার্লস গাইডকে শৃঙ্খলা রক্ষায় দায়িত্ব দেয়া যেতে পারে।

**১৪। প্রার্থী পরিচিতি:**

নির্বাচন কমিশন শিক্ষকদের সহযোগিতায় প্রতি শ্রেণিতে নির্বাচনে বৈধ প্রার্থীদের পরিচয় করিয়ে দিবেন। পরিচিতির সময় প্রার্থীরা সংক্ষেপে তাদের বক্তব্য উপস্থাপন করতে পারবে।

**১৫। ভোট কেন্দ্র ও ভোট কক্ষ:**

স্টুডেন্টস কেবিনেটের জন্য নির্বাচিত বিদ্যালয় ভোটকেন্দ্র হিসেবে ব্যবহৃত হবে। প্রতিষ্ঠান প্রধানের পরামর্শ নিয়ে প্রয়োজনীয় সংখ্যক ভোট কক্ষ স্থাপন করতে হবে। ভোট কক্ষে গোপনীয়তার সাথে ভোট প্রদানের ব্যবস্থা করতে হবে।

**১৬। ব্যালট পেপার:**

নমুনা ব্যালট পেপার অনুসারে ব্যালট পেপার প্রস্তুত করে ভোটারদের দিতে হবে। ব্যালট পেপারে প্রার্থীর নাম, শ্রেণি, শাখা ও রোল নম্বর ইত্যাদি উল্লেখ থাকবে। প্রার্থীর মেধাক্রমানুসারে (শ্রেণিতে) ব্যালট পেপারে নাম লিপিবদ্ধ করতে হবে।

**১৭। ব্যালট বাক্স:**

উপজেলা/থানা নির্বাচন অফিস থেকে ব্যালট বাক্স সংগ্রহ করা যেতে পারে। শক্ত কাগজ (করোগেটেড পেপার/হার্ড পেপার) দিয়ে ব্যালট বাক্স তৈরি করা যেতে পারে।

**১৮। ভোট গ্রহণ:**

নির্বাচন তফসিলে নির্ধারিত দিন সকাল ৯:০০ থেকে দুপুর ২:০০ টা পর্যন্ত বিরতিহীনভাবে ভোট গ্রহণ চলবে।

**১৯। ভোটাধিকার প্রয়োগ:**

১৯.১ ভোটারগণ ব্যালট পেপারে প্রার্থীর নামের পাশে টিক ( ✓ ) চিহ্ন দিয়ে ভোটাধিকার প্রয়োগ করবে;

১৯.২ একজন ভোটার সর্বোচ্চ ৮টি ভোট দিতে পারবে। তন্মধ্যে প্রতি শ্রেণিতে ১টি করে এবং যে কোন তিন শ্রেণিতে সর্বোচ্চ ২টি করে ভোট দিতে পারবে।

**২০। ভোট গণনা ও ফলাফল:**

নির্বাচন কমিশনের উপস্থিতিতে প্রিজাইডিং ও পোলিং অফিসারগণ ভোট গণনা করে ফলাফল প্রকাশ করবেন। এ সময় পোলিং এজেন্ট উপস্থিত থাকবে। শিক্ষকগণ এ বিষয়ে সহায়তা দিবেন।

২১। স্টুডেন্টস কেবিনেটের সভা:

২১.১ স্টুডেন্টস কেবিনেট প্রতিমাসে কমপক্ষে একবার সভা করবে। সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে শিক্ষকগণ কোনরূপভাবে প্রভাব বিস্তার করতে পারবেন না। তাঁরা শুধুমাত্র সহায়কের ভূমিকা পালন করবেন। নির্বাচনের ৭ (সাত) দিনের মধ্যে প্রথম সভা করতে হবে। প্রথম সভায় স্টুডেন্টেস কেবিনেট এর প্রধান নির্বাচন, কর্মবন্টন, সহযোগি সদস্য মনোনয়ন এবং সাংবৎসরিক কর্ম পরিকল্পনা প্রণয়ন করতে হবে এবং সকল নির্বাচিত প্রতিনিধি এতে স্বাক্ষর করবে;

২১.২ নির্বাচন কমিশনারের সভাপতিত্বে প্রথম সভা শুরু হবে। প্রধান প্রতিনিধি নির্বাচনের পর তার সভাপতিত্বে সভা অনুষ্ঠিত হবে।

২১.৩ বিশেষ জরুরী প্রয়োজনে স্টুডেন্টস কেবিনেট প্রধান বিশেষ সভা আহ্বান করতে পারবে;

২১.৪ ভিন্নরূপ মতামতের ক্ষেত্রে সংখ্যা গরিষ্ঠতার ভিত্তিতে সিদ্ধান্ত গ্রহণ করা হবে; এবং

২১.৫ প্রতি ৬ মাস পর সাধারণ শিক্ষার্থীদের উপস্থিতিতে স্টুডেন্টস কেবিনেট এর সাধারণ সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় শিক্ষার্থীগণ নির্বাচিত প্রতিনিধিদের কর্মকান্ড সম্পর্কে মতামত দেবে। যে সকল প্রতিনিধি দায়িত্ব পালনে ব্যর্থ/অপারগ হবে, তারা পদত্যাগ করবে। এক্ষেত্রে প্রতিষ্ঠান প্রধান প্রয়োজনীয় সহায়তা প্রদান করবেন।

২১.৬ পদত্যাগ বা অন্যকোন কারণে নির্বাচিত প্রতিনিধির পদ শূন্য হলে অধিক ভোটপ্রাপ্ত পরবর্তী প্রার্থীকে স্টুডেন্টস কেবিনেটের সদস্য অন্তর্ভুক্ত করতে হবে।

২২। স্টুডেন্টস কেবিনেটের কর্মক্ষেত্র ও দায়িত্ব বন্টন:

২২.১ বিদ্যালয়ের প্রধান ৮টি কার্যক্রমের দায়িত্বে নির্বাচিত ৮জন প্রতিনিধি থাকবে। দায়িত্বের ক্ষেত্র/কার্যক্রমসমূহ নিম্নরূপ:

(১) পরিবেশ সংরক্ষণ (বিদ্যালয়, আঙ্গিনা ও টয়লেট পরিষ্কার এবং বর্জ্য ব্যবস্থাপনা);
(২) পুস্তক এবং শিখন সামগ্রী;
(৩) স্বাস্থ্য;
(৪) ক্রীড়া ও সংস্কৃতি এবং সহপাঠ কার্যক্রম;
(৫) পানি সম্পদ;
(৬) বৃক্ষ রোপণ ও বাগান তৈরি ইত্যাদি;
(৭) দিবস ও অনুষ্ঠান উদ্‌যাপন এবং অভ্যর্থনা ও আপ্যায়ন;
(৮) আই.সি.টি.

বিদ্যালয় কর্তৃপক্ষ সংশ্লিষ্ট বিদ্যালয়ের চাহিদা এবং প্রয়োজনের নিরিখে নতুন কার্যক্রম সংযুক্ত করতে পারবে। তবে এ ক্ষেত্রে সর্বমোট পোর্টফলিও-র সংখ্যা ৮ এর বেশি হবে না।

২২.২ ঐক্যমতের ভিত্তিতে প্রধান প্রতিনিধি নির্বাচিত প্রতিনিধিবর্গের মধ্যে দায়িত্ব ও কর্ম এলাকা বন্টন করবে। এক্ষেত্রে প্রধান শিক্ষক যথোপযুক্ত সহায়তা দেবেন; এবং

২২.৩ প্রত্যেক প্রতিনিধি তার কর্মকান্ড সম্পর্কে একটি নোট বই/রেজিস্টার এ রেকর্ড করবেন এবং আয় ব্যয়ের হিসাব সংরক্ষণ করবে।

২৩। প্রতিষ্ঠান প্রধান ও সহকারি শিক্ষকের দায়িত্ব:

স্টুডেন্টস কেবিনেট গঠন, নির্বাচন এবং এতদসংক্রান্ত কার্যক্রমে সকল শিক্ষক প্রয়োজনীয় পরামর্শ ও সহযোগিতা প্রদান করবেন। এক্ষেত্রে প্রতিষ্ঠান প্রধান একজন সহকারী শিক্ষককে সমন্বয়কারী হিসেবে নিয়োগ দিতে পারবেন।

২৪। বিবিধ:

২৪.১ স্টুডেন্টস কেবিনেট এর সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটি এবং স্থানীয় জনগণের কাছ থেকে প্রয়োজনীয় সহায়তা গ্রহণ করা যাবে।

২৪.২ ব্যালট পেপার ও নির্বাচন সংক্রান্ত রিপোর্ট রিটার্ণের ক্ষেত্রে নিম্নলিখিত নমুনা ফরমেট ব্যবহার করতে হবে:

(১) স্টুডেন্টস কেবিনেটের জন্য নির্বাচিত বিদ্যালয়ের তথ্য প্রেরণের ছক (ছক-১ ) সন্নিবেশিত।

(২) ভোটার তালিকার ছক (ছক-২) সন্নিবেশিত।

(৩) প্রার্থীর মনোনয়নপত্রের ছক (ছক-৩) সন্নিবেশিত।

(৪) ব্যালট পেপারের নমুনা ছক (ছক-৪) সন্নিবেশিত।

(৫) মনোনয়নপত্র বিতরণ, জমা, বাছাই ও প্রত্যাহার এবং চূড়ান্ত প্রার্থীর সংখ্যা প্রেরণের ছক (প্রতিষ্ঠান ও উপজেলার জন্য যথাক্রমে ছক-৫ ও ছক-৬)

(৬) ভোটের হিসাব ছক (ছক-৭) সন্নিবেশিত।

(৭) নির্বাচিত প্রার্থীদের তালিকা ছক (ছক - ৮) সন্নিবেশিত।

(৮) নির্বাচিত প্রতিনিধিদের মধ্যে কর্মবন্টন তালিকা ছক (ছক-৯) সন্নিবেশিত।

(৯) স্টুডেন্টস কেবিনেট কর্তৃক সাংবৎসরিক কর্মপরিকল্পনা প্রণয়ন ছক (ছক-১০) সন্নিবেশিত।

(১০) সভার কার্যবিবরণী লিপিবদ্ধ করার ছক (ছক-১১) সন্নিবেশিত।

২৫। **কার্যকারিতা:** এ ম্যানুয়াল ১ জানুয়ারি ২০১৫ তারিখ থেকে কার্যকর হবে।

**প্রফেসর ফাহিমা খাতুন**
মহাপরিচালক
মাউশি অধিদপ্তর, ঢাকা।

স্মারক নং: ৩৭.২০.০০০০.০০১.০৩৬.০০১.২০১৫ তারিখ: ২৯ মার্চ ২০১৫ / ১৪ চৈত্র ১৪২১

**অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে:**

১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা/মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।
৩। চেয়ারম্যান, ........................ শিক্ষা বোর্ড (সকল)।
৪। জেলা প্রশাসক (সকল), জেলা: ........................................।
৫। আঞ্চলিক উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা ঢাকা/ময়মনসিংহ/চট্টগ্রাম/কুমিল্লা/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর অঞ্চল (বিষয়টি নিশ্চিতকরণের অনুরোধসহ)।
৬। উপজেলা নির্বাহী অফিসার (সংশ্লিষ্ট), উপজেলা: ..........................., জেলা: ..................................।
৭। জেলা শিক্ষা অফিসার (সকল), জেলা: ..................................।
৮। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সংশ্লিষ্ট), উপজেলা: ........................., জেলা: ................................।
৯। অফিস কপি।

**( মোঃ ফসিউল্লাহ্ )**
পরিচালক, ব্যানবেইস
ও
ফোকাল পয়েন্ট, স্টুডেন্টস কেবিনেট
০২-৯৬৬৫৪৫৭

# স্টুডেন্টস কেবিনেট নির্বাচন ২০......

## নির্বাচিত বিদ্যালয়/মাদ্‌রাসার তালিকা

## (উপজেলার জন্য)

উপজেলা: জেলা:

| ক্রমিক নং | বিদ্যালয়/মাদ্‌রাসার নাম | ছাত্র ছাত্রীর সংখ্যা | ছাত্রীর সংখ্যা |
|---|---|---|---|
| ১. | | | |
| ২. | | | |
| ৩. | | | |
| মোট : | | | |

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের
স্বাক্ষর ও তারিখ

# স্টুডেন্টস কেবিনেট নির্বাচন ২০......

## নির্বাচিত বিদ্যালয়/মাদ্‌রাসার তালিকা

## (মহানগরের জন্য)

মহানগর: থানা:

| ক্রমিক নং | বিদ্যালয়/মাদ্‌রাসার নাম | ছাত্র ছাত্রীর সংখ্যা | ছাত্রীর সংখ্যা |
|---|---|---|---|
| ১. | | | |
| ২. | | | |
| ৩. | | | |
| মোট : | | | |

থানা মাধ্যমিক শিক্ষা অফিসারের
স্বাক্ষর ও তারিখ

# স্টুডেন্টস কেবিনেট নির্বাচন ২০......

ছক-২

## ভোটার তালিকার ছক

বিদ্যালয়/মাদ্রাসার নাম: ........................................, উপজেলা/থানা: ..............................,জেলা: ....................

| ক্রমিক নং | নাম | শ্রেণি | শাখা | রোল নম্বর | ভোটার নম্বর |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

প্রধান নির্বাচন কমিশনারের
স্বাক্ষর ও তারিখ

প্রতিষ্ঠান প্রধানের
স্বাক্ষর ও তারিখ

# স্টুডেন্টস কেবিনেট নির্বাচন ২০......

ছক-৩

## প্রার্থীর মনোনয়ন পত্রের ছক

বিদ্যালয়/মাদ্‌রাসার নাম: ..........................................................,

উপজেলা/থানা: .................................. জেলা: .........................

আমি (নাম) ......................................, রোল নম্বর: ......................., শাখা: ..............., শ্রেণি: ......................... আমাদের বিদ্যালয়/ মাদ্‌রাসার স্টুডেন্টস কেবিনেট নির্বাচন ২০.... এ একজন প্রার্থী হিসেবে (নাম) ......................................................., রোল নম্বর: ............., শাখা: ........................., শ্রেণি: ......................... কে প্রস্তাব করছি।

তারিখ:

স্বাক্ষর
নাম:
ভোটার নম্বর:

আমি (নাম) ......................................, রোল নম্বর: ......................., শাখা: ..............., শ্রেণি: ......................... উপরের প্রস্তাব সমর্থন করলাম।

তারিখ:

স্বাক্ষর
নাম:
ভোটার নম্বর:

আমি (নাম) ......................................, রোল নম্বর: ......................., শাখা: ..............., শ্রেণি: ......................... উপরের প্রস্তাব ও সমর্থনের প্রেক্ষিতে আমাদের বিদ্যালয়/মাদ্‌রাসার স্টুডেন্টস কেবিনেট নির্বাচন ২০...... এ একজন প্রার্থী হিসেবে আমার প্রার্থীতা ঘোষণা করলাম। আমি নির্বাচন সংক্রান্ত সকল নিয়ম মেনে চলবো এবং সুষ্ঠু, অবাধ ও নিরপেক্ষ নির্বাচন অনুষ্ঠানে সহযোগিতা করবো।

তারিখ:

প্রার্থীর স্বাক্ষর
নাম:
ভোটার নম্বর:

**কর্তৃপক্ষের ব্যবহারের জন্য**

এ মনোনয়নপত্র যাচাই বাছাই করে সঠিক ও বৈধ ঘোষণা করা হলো।

প্রধান নির্বাচন কমিশনারের
স্বাক্ষর ও তারিখ

প্রতিষ্ঠান প্রধানের
স্বাক্ষর ও তারিখ

ছক-৪

(ব্যালট পেপার এর নমুনা)

## ব্যালট পেপার

স্টুডেন্টস কেবিনেট নির্বাচন ২০......

......................... বিদ্যালয়/মাদ্‌রাসা

উপজেলা/থানা: .............জেলা: ................

(অফিসের জন্য)

নির্বাচনের তারিখ: ______________________

ভোটারের নম্বর: ______________________

ভোটারের নাম: ______________________

শ্রেণি: ______________________

শাখা: ______________________

রোল নম্বর: ______________________

ভোটারের স্বাক্ষর

প্রিজাইডিং অফিসারের স্বাক্ষর

সীল

## ব্যালট পেপার

স্টুডেন্টস কেবিনেট নির্বাচন ২০......

......................... বিদ্যালয়/মাদ্‌রাসা

উপজেলা/থানা: ..............................

জেলা: ................

| শ্রেণি | | প্রার্থীর নাম | শাখা | রোল নম্বর | ভোটার নম্বর | প্রদত্ত ভোট (✓) |
|---|---|---|---|---|---|---|
| ৬ষ্ঠ | ১ | | | | | |
| | ২ | | | | | |
| | ৩ | | | | | |
| ৭ম | ১ | | | | | |
| | ২ | | | | | |
| | ৩ | | | | | |
| ৮ম | ১ | | | | | |
| | ২ | | | | | |
| | ৩ | | | | | |
| ৯ম | ১ | | | | | |
| | ২ | | | | | |
| | ৩ | | | | | |
| ১০ম | ১ | | | | | |
| | ২ | | | | | |
| | ৩ | | | | | |
| | | | | | | |

একজন ভোটার সর্বোচ্চ ৮টি ভোট দিতে পারবে। তন্মধ্যে প্রতি শ্রেণিতে কমপক্ষে ১টি করে এবং যেকোন ৩টি শ্রেণিতে সর্বোচ্চ ২টি ভোট দিতে পারবে।

ছক-৫

# স্টুডেন্টস কেবিনেট নির্বাচন ২০......

মনোনয়নপত্র বিতরণ, জমা, বাছাই ও প্রত্যাহার এবং চূড়ান্ত প্রার্থীর সংখ্যা

(বিদ্যালয়/মাদ্‌রাসার জন্য)

বিদ্যালয়/মাদ্‌রাসা : .............................................................. উপজেলা/থানা: ..............................জেলা: ............................

| ক্র: নং: | শ্রেণি | মনোনয়নপত্র বিতরণ | মনোনয়নপত্র জমা | বাছাইয়ে বাতিল ও প্রত্যাহার | চূড়ান্ত প্রার্থীর সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| (১) | | | | | | |
| (২) | | | | | | |
| (৩) | | | | | | |
| (৪) | | | | | | |
| (৫) | | | | | | |
| মোট | | | | | | |

মন্তব্য (যদি থাকে):

তারিখ: ..................................

প্রধান নির্বাচন কমিশনারের
স্বাক্ষর ও তারিখ

প্রতিষ্ঠান প্রধানের
স্বাক্ষর ও তারিখ

ছক-৬

## স্টুডেন্টস কেবিনেট নির্বাচন ২০......

মনোনয়নপত্র বিতরণ, জমা, বাছাই ও প্রত্যাহার এবং চূড়ান্ত প্রার্থীর সংখ্যা
(উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসের জন্য)

উপজেলা/থানা: ................................ জেলা: ................................

| ক্র: নং: | বিদ্যালয়/মাদ্রাসার নাম | মনোনয়নপত্র বিতরণ | | | | | | মনোনয়নপত্র জমা | | | | | | বাছাইয়ে বাতিল ও প্রত্যাহার | | | | | | চূড়ান্ত প্রার্থীর সংখ্যা | | | | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | ৬ষ্ঠ | ৭ম | ৮ম | ৯ম | ১০ম | মোট | ৬ষ্ঠ | ৭ম | ৮ম | ৯ম | ১০ম | মোট | ৬ষ্ঠ | ৭ম | ৮ম | ৯ম | ১০ম | মোট | ৬ষ্ঠ | ৭ম | ৮ম | ৯ম | ১০ম | মোট | |
| (১) | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| (২) | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| (৩) | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| (৪) | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| (৫) | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| মোট | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |

মন্তব্য (যদি থাকে):

তারিখ: ..................................

উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসারের
স্বাক্ষর ও তারিখ

# স্টুডেন্টস কেবিনেট নির্বাচন ২০......

ছক-৭

## ভোটের হিসাব

বিদ্যালয়/মাদ্‌রাসার নাম: ..........................................................................

উপজেলা/থানা: ........................................ জেলা: ........................................

| বিদ্যালয়/মাদ্‌রাসার নাম | শ্রেণি | মোট ভোট সংখ্যা | প্রদত্ত ভোট | বৈধ ভোট | বাতিল ভোট | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | ৬ষ্ঠ | | | | | |
| | ৭ম | | | | | |
| | ৮ম | | | | | |
| | ৯ম | | | | | |
| | ১০ম | | | | | |
| | ৬ষ্ঠ | | | | | |
| | ৭ম | | | | | |
| | ৮ম | | | | | |
| | ৯ম | | | | | |
| | ১০ম | | | | | |
| | ৬ষ্ঠ | | | | | |
| | ৭ম | | | | | |
| | ৮ম | | | | | |
| | ৯ম | | | | | |
| | ১০ম | | | | | |
| | ৬ষ্ঠ | | | | | |
| | ৭ম | | | | | |
| | ৮ম | | | | | |
| | ৯ম | | | | | |
| | ১০ম | | | | | |

প্রধান নির্বাচন কমিশনারের স্বাক্ষর ও তারিখ

প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষর ও তারিখ

উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসারের স্বাক্ষর ও তারিখ

# স্টুডেন্টস কেবিনেট নির্বাচন ২০......

ছক-৮

## নির্বাচিত প্রার্থীদের তালিকা

................................বিদ্যালয়/মাদ্‌রাসা

উপজেলা/থানা: ................................ জেলা: ................................

| শ্রেণি | নির্বাচিত প্রার্থীর নাম | | শাখা | রোল নম্বর | প্রাপ্ত ভোট | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ৬ষ্ঠ | ১ | | | | | |
| | ২ | | | | | |
| ৭ম | ১ | | | | | |
| | ২ | | | | | |
| ৮ম | ১ | | | | | |
| | ২ | | | | | |
| ৯ম | ১ | | | | | |
| | ২ | | | | | |
| ১০ম | ১ | | | | | |
| | ২ | | | | | |

প্রধান নির্বাচন কমিশনারের
স্বাক্ষর ও তারিখ

প্রতিষ্ঠান প্রধানের
স্বাক্ষর ও তারিখ

উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসারের
স্বাক্ষর ও তারিখ

# স্টুডেন্টস কেবিনেট ২০......

## নির্বাচিত প্রতিনিধিদের মধ্যে কর্মবন্টনের ছক

........................ বিদ্যালয়/মাদ্‌রাসা

উপজেলা/থানা: ............................ জেলা: ............................

| শ্রেণি | নির্বাচিত সদস্যের নাম | | শাখা | রোল নম্বর | যে বিষয়ে দায়িত্বপ্রাপ্ত | ১ম সভা অনুষ্ঠানের তারিখ |
|---|---|---|---|---|---|---|
| ৬ষ্ঠ | ১ | | | | | |
| | ২ | | | | | |
| ৭ম | ১ | | | | | |
| | ২ | | | | | |
| ৮ম | ১ | | | | | |
| | ২ | | | | | |
| ৯ম | ১ | | | | | |
| | ২ | | | | | |
| ১০ম | ১ | | | | | |
| | ২ | | | | | |

স্টুডেন্টস কেবিনেট প্রধান প্রতিনিধির স্বাক্ষর ও তারিখ

প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষর ও তারিখ

উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসারের স্বাক্ষর ও তারিখ

## স্টুডেন্টস কেবিনেট ২০......

ছক-১০

### বাৎসরিক কর্মপরিকল্পনা প্রণয়ন

...................... বিদ্যালয়/মাদ্‌রাসা

উপজেলা/থানাঃ ........................... জেলাঃ ...........................

| ক্রমিক নং | বিষয় | কর্মের বিবরণ | দায়িত্ব | কর্ম সমাপ্তির সময়সীমা |
|---|---|---|---|---|
| | | | | |
| | | | | |

স্টুডেন্টস কেবিনেট প্রধান প্রতিনিধির স্বাক্ষর ও তারিখ

প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষর ও তারিখ

## স্টুডেন্টস কেবিনেট ২০......

ছক-১১

### সভার কার্যবিবরণী লিপিবদ্ধ করার ছক

...................... বিদ্যালয়/মাদ্‌রাসা

উপজেলা/থানাঃ ........................... জেলাঃ ...........................

| ক্রমিক নং | বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নের দায়িত্ব |
|---|---|---|---|
| | | | |
| | | | |

স্টুডেন্টস কেবিনেট প্রধান প্রতিনিধির স্বাক্ষর ও তারিখ

প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষর ও তারিখ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moedu.gov.bd

স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭২.০৬.০৭৬.১২ তারিখ : ৩০ বৈশাখ ১৪২২ বঙ্গাব্দ / ১৩ মে ২০১৫ খ্রিস্টাব্দ

**বিষয়ঃ মাধ্যমিক বিদ্যালয় ও দাখিল মাদ্‌রাসায় স্টুডেন্টস কেবিনেট গঠনের লক্ষ্যে জাতীয় কর্মশালার ভিত্তিতে প্রণীত ম্যানুয়াল ও কর্মপরিকল্পনার অনুমোদন।**

সূত্রঃ ৩৭.০০.০০০০.০০১.০৩৬.০০১.২০১৫.৬৭৮, তারিখঃ ০২.০৪.২০১৫।

উপর্যুক্ত বিষয় ও সুত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক বিদ্যালয় ও দাখিল মাদ্‌রাসায় স্টুডেন্টস কেবিনেট গঠনের লক্ষ্যে ২২/০৩/২০১৫ তারিখ নায়েম সম্মেলন কক্ষে একটি জাতীয় কর্মশালার আয়োজন করা হয়। কর্মশালায় প্রাপ্ত পরামর্শ ও মতামতের ভিত্তিতে প্রস্তুতকৃত স্টুডেন্টস কেবিনেট ম্যানুয়াল ও কর্মপরিকল্পনা বাস্তবায়ন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

উলেখ্য যে, স্টুডেন্ট কেবিনেট ম্যানুয়াল ও কর্মপরিকল্পনার ভিত্তিতে ২০১৫ সনে প্রথম বারের মত পরীক্ষামূলকভাবে সকল উপজেলায় ও মহানগরে ১টি করে মাধ্যমিক বিদ্যালয় (সহশিক্ষা), ১টি দাখিল মাদ্‌রাসা ও ১টি কারিগরি বিদ্যালয়ে (যদি থাকে) স্টুডেন্টস কেবিনেট গঠনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। উক্ত স্টুডেন্টস কেবিনেট এর ফোকাল পয়েন্ট হিসেবে পরিচালক, ব্যানবেইস দায়িত্ব পালন করবেন।

(গৌতম কুমার)
উপসচিব
ফোন: ৯৫৫০৩৪১ (অফিস)
ই-মেইল: ds_sec2@moedu.gov.bd

মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
শিক্ষা ভবন, ঢাকা।

স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭২.০৬.০৭৬.১২ তারিখ : ৩০ বৈশাখ ১৪২২ বঙ্গাব্দ / ১৩ মে ২০১৫ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে :

১। পরিচালক ব্যানবেইস, পলাশী, নীলক্ষেত, ঢাকা।
২। সিনিয় সিস্টেম এনালিষ্ট, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

(গৌতম কুমার)
উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
www.dshe.gov.bd

স্মরক নং- ৩৭.২০.০০০০.০০১.০৩৬.০০১.২০১৫.১১০০ তারিখ : ১৪ জ্যৈষ্ঠ, ১৪২১ / ২৮ মে, ২০১৫

**বিষয় ঃ মাধ্যমিক বিদ্যালয় ও দাখিল মাদ্‌রাসায় স্টুডেন্টস কেবিনেট গঠন ও নির্বাচন।**

সূত্রঃ শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭২.০৬.০৭৬.১২.২২৭ তারিখেঃ ১৩ মে ২০১৫।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, নিম্নলিখিত উদ্দেশ্যকে সামনে রেখে মাধ্যামিক বিদ্যালয়, দাখিল মাদ্‌রাসা এবং করিগরি বিদ্যালয়ের শিক্ষার্থীদের দ্বারা সরাসরি নির্বাচনের মাধ্যমে 'স্টুডেন্টস কেবিনেট' গঠনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে:

(১) শিশুকাল থেকে গণতন্ত্রের চর্চা এবং গণতন্ত্রিক মূল্যবোধের প্রতি শ্রদ্ধাশীল হওয়া।
(২) অন্যের মতামতের প্রতি সহিষ্ণুতা এবং শ্রদ্ধা প্রদর্শন।
(৩) শিক্ষা প্রতিষ্ঠানে শেখানো কার্যক্রমে শিক্ষকমন্ডলীকে সহায়তা করা।
(৪) শিক্ষা প্রতিষ্ঠানে ১০০% ছাত্র ভর্তি ও ঝরে পড়া রোধে সহাযোগিতা করা।
(৫) শিখন শেখানো কার্যক্রমে শিক্ষার্থীদের মাধ্যমে অভিভাবকদের সম্পক্ত করা।
(৬) শিক্ষা প্রতিষ্ঠানে পরিবেশ উন্নয়ন কর্মকান্ডে শিক্ষার্থীদের অংশগ্রহণ নিশ্চিত করা।
(৭) ক্রীড়া, সংস্কৃতি ও সহশিক্ষা কার্যক্রমে শিক্ষার্থীদের অংশগ্রহণ নিশ্চিত করা।

২। উপরিউক্ত সিদ্ধান্ত বাস্তবায়নে 'মাধ্যমিক বিদ্যালয় ও দাখিল মাদ্‌রাসায় স্টুডেন্টস কেবিনেট ম্যানুয়াল' প্রণয়ন করা হয়েছে এবং ২০১৫ সনে প্রথম বারের মতো পরীক্ষমূলকভাবে সারাদেশের প্রতিটি উপজেলা ও মহানগরে ১টি মাধ্যমিক বিদ্যালয় (সহশিক্ষা), ১টি দাখিল মাদ্‌রাসা এবং ১টি কারিগরি বিদ্যালয়ে (যদি থাকে) সরাসরি নির্বাচনের মাধ্যমে স্টুডেন্টস কেবিনেট গঠনের সিদ্ধান্ত নেয়া হয়েছে।

৩। স্টুডেন্টস কেবিনেট ম্যানুয়াল এতদসংঙ্গে প্রেরণ করা হলো এবং ম্যানুয়াল অনুসরণে স্টুডেন্টস কেবিনেট গঠনের নিমিত্ত তার উপজেলা ও মহানগরের ১টি মাধ্যমিক বিদ্যালয় (সহশিক্ষা), ১টি দাখিল মাদ্‌রাসা ও ১টি করিগরি বিদ্যালয় (যদি থাকে) নির্বাচন করে প্রতিষ্ঠানের নাম ও তথ্য সংযুক্ত ছকে ফোকাল পয়েন্ট ও পরিচালক, ব্যানবেইস বরাবরে ০৭/০৬/২০১৫ তারিখে মধ্যে ফ্যাক্স (০২-৯৬৬৫৪৫৭) এবং ই-মেইল যোগে *(info@banbeis.gov.bd)* প্রেরণের জন্য অনুরোধ করা হলো। তথ্যের অনুলিপি পরিচালক (মাধ্যমিক ও মাদ্‌রাসা) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বরাবরে প্রেরণ করার জন্যও অনুরোধ করা হলো।

৪। ম্যানুয়ালের কপি প্রিন্ট করে নির্বাচিত শিক্ষা প্রতিষ্ঠানে প্রেরণ এবং ম্যানুয়াল অনুসরণে স্টুডেন্টস কেবিনেট গঠনের বিষয়ে প্রতিষ্ঠান প্রধান, ব্যবস্থাপনা কমিটি ও শিক্ষার্থীদের অবহিতকরণসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। এতদসংক্রান্ত কর্মপরিকল্পনা ও নির্বাচন তফসিল শীঘ্রই ফোকাল পয়েন্ট ও পরিচালক, ব্যানবেইস কর্তৃক প্রেরণ করা হবে।

সংযুক্ত বর্ণনামতে

**প্রফেসর ফাহিমা খাতুন**
মহাপরিচালক
মধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা-১০০০

(১) জেলা শিক্ষা অফিসার (সকল),
জেলাঃ..............................
(২) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল),
উপজেলাঃ.................জেলাঃ....................

স্মারক নং - ৩৭.২০.০০০০.০০১.০৩৬.০০১.২০১৫.১১০০ তারিখ : ১৪ জ্যৈষ্ঠ, ১৪২১ / ২৮ মে, ২০১৫

অনুলিপি সদয় অবগতি/কর্যার্থে প্রেরণ করা হলো:

(১) সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(২) মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা
(৩) জেলা প্রশাসক, জেলা : .................................
(৪) পরিচালক, (মাধ্যমিক ও মাদ্‌রাসা) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
(৩) অঞ্চলিক উপপরিচালক, ঢাকা/ চট্রগ্রাম/ রাজশাহী/ খুলনা/ সিলেট/ বরিশাল/ রংপুর/ কুমিল্লা/ ময়মনসিংহ (বিষয়টি নিশ্চিত করণের অনুরোধসহ)
(৪) উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা :................. জেলাঃ .....................
(৫) সিনিয়র সিস্টেম এনালিস্ট, শিক্ষা মন্ত্রণালয়/মাউশি অধিদপ্তর/ব্যানবেইস (ওয়েব সাইট-এ প্রকাশের অনুরোধ সহ।)

মোঃ ফসিউল্লাহ্
পরিচালক, ব্যানবেইস
ফোকাল পয়েন্ট, স্টুডেন্টস কেবিনেট

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
www.dshe.gov.bd

অতীব জরুরি

স্মারক নং-৩৭.২০.০০০০.০০৪.০৩৩.২০১৬-১৪৫৬৬/৪০ তারিখ ঃ ০৬/০৩/২০১৬

**বিষয় ঃ মাধ্যমিক বিদ্যালয় ও দাখিল মাদ্‌রাসায় স্টুডেন্টস কেবিনেট গঠন ও নির্বাচন:**

সূত্র ঃ (১) নং-৩৭.২০.০০০০.০০১.০৩৬.০১৬.২০১৬-৪৬৫, তারিখ : ১৪ ফেব্রুয়ারি ২০১৬

(২) নং-৩৭.২০.০০০০.০০১.০৩৬.০০১.২০১৫-২৯৭৪, তারিখ : ১৩ ডিসেম্বর ২০১৫

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, যে সকল উপজেলায় ২২ মার্চ ২০১৬ তারিখ ইউনিয়ন পরিষদ নির্বাচন অনুষ্ঠিত হবে সে সকল উপজেলায় "স্টুডেন্টস কেবিনেট নির্বাচন-২০১৬" আগামী ৩১ মার্চ ২০১৬ বৃহস্পতিবার নির্ধারণ করা হয়েছে। অন্যান্য উপজেলায় পূর্বের নির্ধারিত সিডিউল অনুযায়ী স্টুডেন্টস কেবিনেট নির্বাচন-২০১৬ অনুষ্ঠিত হবে।

২। যে সকল উপজেলায় ২২ মার্চ ২০১৬ তারিখ ইউনিয়ন পরিষদ নির্বাচন অনুষ্ঠিত হবে সে সকল উপজেলায় "স্টুডেন্টস কেবিনেট নির্বাচন-২০১৬" সংশোধিত তফসিল নিম্নরূপ ঃ

| ক্রমিক | বিষয় | সময়সীমা | দায়িত্ব |
|---|---|---|---|
| (১) | মনোনয়নপত্র আহবান | ১০ মার্চ ২০১৬, বৃহস্পতিবার | নির্বাচন কমিশন |
| (২) | মনোনয়নপত্র জমা | ১৩ মার্চ ২০১৬, রবিবার | নির্বাচন কমিশন |
| (৩) | মনোনয়নপত্র বাছাই ও বৈধ প্রার্থীর তালিকা প্রকাশ | ১৪ মার্চ ২০১৬, সোমবার | নির্বাচন কমিশন |
| (৪) | মনোনয়নপত্র প্রত্যাহার এবং চূড়ান্ত তালিকা প্রকাশ | ২০ মার্চ ২০১৬, রবিবার | নির্বাচন কমিশন |
| (৫) | ভোট গ্রহণ (সকাল ৯.০০-২.০০ টা) ও ফলাফল প্রকাশ | ৩১ মার্চ ২০১৬, বৃহস্পতিবার | নির্বাচন কমিশন |

৩। এছাড়া সূত্রোস্থ ১ এর আলোকে স্টুডেন্টস কেবিনেট নির্বাচন-২০১৬ এর ম্যানুয়ালে বর্ণিত ছক-১ পূরণ করে পরিচালক, ব্যানবেইস ও ফোকাল পয়েন্ট, স্টুডেন্টস কেবিনেট বরাবর অদ্যাবধি যে সকল জেলা/উপজেলা থেকে তথ্য প্রেরণ করা হয়নি তাদেরকে আগামী ১০ মার্চ ২০১৬ তারিখের মধ্যে প্রয়োজনীয় তথ্যাদি প্রেরণের (ফ্যাক্স: ০২-৯৬৬৫৪৫৭, ইমেইল: stucabinet@gmail.com) জন্য পুনরায় বিশেষভাবে অনুরোধ করা হলো (ম্যানুয়াল সংযুক্ত)।

**প্রফেসর ফাহিমা খাতুন**
মহাপরিচালক
মধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা

(১) উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)
(২) জেলা শিক্ষা অফিসার (সকল), জেলা ..............................
(৩) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল), জেলা ....................উপজেলা....................

স্মারক নং-৩৭.২০.০০০০.০০৪.০৩৩.২০১৬- তারিখ ঃ ০৬/০৩/২০১৬

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে:

(১) মহাপরিচালক, বাংলাদেশ মাদ্‌রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
(২) জেলা প্রশাসক (সকল), জেলা: ............
(৩) চীফ, ডিএলপি বিভাগ, ব্যানবেইস, ঢাকা।
(৪) উপজেলা নির্বাহী অফিসার (সকল), জেলা.................. উপজেলা.........................

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

(১) সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

মোঃ ফসিউল্লাহ্
পরিচালক, ব্যানবেইস
ও
ফোকাল পয়েন্ট, স্টুডেন্টস কেবিনেট
০২-৯৬৬৫৪৫৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)
শিক্ষা মন্ত্রণালয়
১ সোনারগাঁও রোড (পলাশী-নীলক্ষেত), ঢাকা-১২০৫।
www.banbeis.gov.bd: email: info@banbeis.gov.bd

## মাধ্যমিক বিদ্যালয় ও দাখিল মাদ্রাসায় স্টুডেন্টস কেবিনেট নির্বাচন-২০১৬

## কর্মপরিকল্পনা

| ক্রমিক | বিষয় | সময়সীমা | দায়িত্ব |
|---|---|---|---|
| (১) | ম্যানুয়াল ও প্রয়োজনীয় পত্র মাঠ পর্যায়ে প্রেরণ | ১৭ ফেব্রুয়ারি ২০১৬ বুধবার | পরিচালক, ব্যানবেইস |
| (২) | বিদ্যালয় ও মাদ্রাসা নির্বাচন করে তালিকা ব্যানবেইসে প্রেরণ | ২৯ ফেব্রুয়ারি ২০১৬ সোমবার | জেলা শিক্ষা অফিসার ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| (৩) | প্রতিষ্ঠান প্রধান ও ম্যানেজিং কমিটির সভাপতিগণকে অবহিতকরণ | ১ মার্চ ২০১৬ মঙ্গলবার | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| (৪) | প্রতিষ্ঠান পর্যায়ে ম্যানেজিং কমিটি, শিক্ষক, অভিভাবক ও ছাত্র-ছাত্রীদের অবহিতকরণ | ০২ মার্চ ২০১৬ বুধবার | প্রতিষ্ঠান প্রধান |
| (৫) | নির্বাচন কমিশন নিয়োগ | ০২ মার্চ ২০১৬ বুধবার | প্রতিষ্ঠান প্রধান |
| (৬) | ভোটার তালিকা প্রকাশ ও নির্বাচনের তফসিল ঘোষণা | ০৫ মার্চ ২০১৬ শনিবার | প্রতিষ্ঠান প্রধান ও নির্বাচন কমিশন |
| (৭) | নির্বাচন | ২১ মার্চ ২০১৬ সোমবার | প্রতিষ্ঠান প্রধান ও নির্বাচন কমিশন |
| (৮) | নির্বাচন সংক্রান্ত প্রতিবেদন ব্যানবেইসে প্রেরণ | ২১ মার্চ ২০১৬ সোমবার | প্রতিষ্ঠান প্রধান ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |

## মাধ্যমিক বিদ্যালয় ও দাখিল মাদ্রাসায় স্টুডেন্টস কেবিনেট নির্বাচন-২০১৬ এর তফসিল

| ক্রমিক | বিষয় | সময়সীমা | দায়িত্ব |
|---|---|---|---|
| (১) | মনোনয়নপত্র আহবান | ০৬ মার্চ ২০১৬, রবিবার | নির্বাচন কমিশন |
| (২) | মনোনয়নপত্র জমা | ০৮ মার্চ ২০১৬, মঙ্গলবার | নির্বাচন কমিশন |
| (৩) | মনোনয়নপত্র বাছাই ও বৈধ প্রার্থীর তালিকা প্রকাশ | ০৯ মার্চ ২০১৬, বুধবার | নির্বাচন কমিশন |
| (৪) | মনোনয়নপত্র প্রত্যাহার এবং চূড়ান্ত তালিকা প্রকাশ | ১০ মার্চ ২০১৬, বৃহস্পতিবার | নির্বাচন কমিশন |
| (৫) | ভোট গ্রহণ (সকাল ৯.০০-২.০০ টা) ও ফলাফল প্রকাশ | ২১ মার্চ ২০১৬, সোমবার | নির্বাচন কমিশন |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
**www.dshe.gov.bd**

স্মারক নং: ৩৭.২০.০০০০.০০১.০৩৬.০১৬.২০১৬. | তারিখ: ১১ ফাল্গুন, ১৪২৩ / ২৩ ফেব্রুয়ারি, ২০১৭

**বিষয় : মাধ্যমিক বিদ্যালয় ও দাখিল মাদরাসায় স্টুডেন্টস কেবিনেট গঠন ও নির্বাচন।**

সূত্র: শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.২০.০০০.০০১.০৩৬.০০১.২০১৫-২৯৭৪. তারিখ: ১৩ ডিসেম্বর ২০১৫।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০১৫ সনে প্রথমবারের মতো সারাদেশে প্রতিটি উপজেলা ও মহানগরের ১ টি মাধ্যমিক বিদ্যালয় (সহশিক্ষা), ১ টি দাখিল মাদরাসা এবং ১ টি কারিগরি বিদ্যালয়ে (যদি থাকে) সরাসরি নির্বাচনের মাধ্যমে ১০৪৩ টি শিক্ষা প্রতিষ্ঠানে স্টুডেন্টস কেবিনেট গঠন করা হয়। এ প্রেক্ষিতে দ্বিতীয়বার ২১ মার্চ ২০১৬ তারিখ ৮টি মহানগর এবং ৪৭৮টি উপজেলায় ১৬৪২৪ টি মাধ্যমিক বিদ্যালয় ও ৬৫৬৭টি দাখিল মাদ্রাসাসহ মোট ২২৯৯১টি শিক্ষা প্রতিষ্ঠানে স্টুডেন্টস কেবিনেট নির্বাচন অনুষ্ঠিত হয়।

২। ২০১৭ সনের স্টুডেন্টস কেবিনেট নির্বাচন উপলক্ষে কর্মপরিকল্পনা ও নির্বাচন তফসিল এতদসঙ্গে প্রেরণ করা হলো। কর্মপরিকল্পনা ও নির্বাচনী তফসিল অনুযায়ী আগামী ৩০ মার্চ, বৃহস্পতিবার ২০১৭ তারিখ দেশের সকল মাধ্যমিক বিদ্যালয় ও দাখিল মাদরাসায় সকাল ৯.০০ টা থেকে দুপুর ০২.০০ টা পর্যন্ত বিরতিহীনভাবে স্টুডেন্টস কেবিনেট নির্বাচন অনুষ্ঠিত হবে। কেবলমাত্র মাধ্যমিক পর্যায়ের (৬ষ্ঠ থেকে ১০ম শ্রেণি) শিক্ষাপ্রতিষ্ঠানে "স্টুডেন্টস কেবিনেট নির্বাচন ২০১৭" আয়োজনের জন্য উপযুক্ত বলে বিবেচিত হবে। অন্য কোন পর্যায়ের শিক্ষাপ্রতিষ্ঠান যেমন: নিম্ন মাধ্যমিক বিদ্যালয়, উচ্চ মাধ্যমিক বিদ্যালয় ও কলেজ এবং আলিম, ফাজিল ও কামিল মাদ্রাসা এ নির্বাচনের আওতায় বিবেচিত হবে না।

৩। এমতাবস্তায় কর্মপরিকল্পনা ও নির্বাচনী তফসিল অনুযায়ী তাঁর উপজেলার মাধ্যমিক বিদ্যালয় ও দাখিল মাদ্‌রাসায় স্টুডেন্টস কেবিনেট নির্বাচন ২০১৭ অনুষ্ঠানের লক্ষ্যে প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণের জন্য এতদ্‌সঙ্গে প্রেরিত ম্যানুয়েলের কপি, কর্মপরিকল্পনা ও নির্বাচনী তফসিল প্রিন্ট করে শিক্ষা প্রতিষ্ঠানে প্রেরণ এবং ম্যানুয়েলে বর্ণিত ছক-১ পূরণ পূর্বক সকলতথ্য ফোকাল পয়েন্ট ও পরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস) বরাবরে আগামী ২ মার্চ ২০১৭ এর মধ্যে ই-মেইল যোগে (studentcabinet@gmail.com) জরুরি ভিত্তিতে প্রেরণের অনুরোধ করা হলো।

প্রফেসর ড. এস এম ওয়াহিদুজ্জামান
মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।

সংযুক্ত: বর্ণনামতে

(১) জেলা শিক্ষা অফিসার (সকল)
জেলা:
(২) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল)
উপজেলা: জেলা:

স্মারক নং: ৩৭.২০.০০০০.০০১.০৩৬.০১৬.২০১৬. | তারিখ: ১১ ফাল্গুন, ১৪২৩ / ২৩ ফেব্রুয়ারি, ২০১৭

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে:
(১) মহাপরিচালক, বাংলাদেশ মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
(২) জেলা প্রশাসক (সকল), জেলা:
(৩) আঞ্চলিক উপপরিচালক, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর/কুমিল্লা/ময়মনসিংহ।
(৪) উপজেলা নির্বাহী অফিসার (সকল), উপজেলা: জেলা:

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:
(১) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ/কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২৩/২/১৭
মো: ফসিউল্লাহ্
পরিচালক, ব্যানবেইস
ও
ফোকাল পয়েন্ট, স্টুডেন্টস কেবিনেট

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)
১ সোনারগাঁও (পলাশী-নীলক্ষেত), ঢাকা-১২০৫
**www.banbeis.gov.bd.info@banbeis.gov.bd**

# মাধ্যমিক বিদ্যালয় ও দাখিল মাদরাসায় স্টুডেন্টস কেবিনেট নির্বাচন ২০১৭

## কর্মপরিকল্পনা

| ক্রমিক | বিষয় | সময়সীমা | দায়িত্ব |
|---|---|---|---|
| (১) | ম্যানুয়েল ও প্রয়োজনীয় পত্র মাঠ পর্যায়ে প্রেরণ | ২৬ ফেব্রুয়ারি ২০১৭ রবিবার | পরিচালক, ব্যানবেইস |
| (২) | বিদ্যালয় ও মাদরাসার তালিকা ব্যানবেইসে প্রেরণ | ২ মার্চ ২০১৭ বৃহস্পতিবার | জেলা শিক্ষা অফিসার ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| (৩) | প্রতিষ্ঠান প্রধান ও ম্যানেজিং কমিটির সভাপতিগণকে অবহিতকরণ | ৫ মার্চ ২০১৭ রবিবার | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| (৪) | প্রতিষ্ঠান পর্যায়ে ম্যানেজিং কমিটি, শিক্ষক, অভিভাবক ও ছাত্র-ছাত্রীদের অবহিতকরণ | ৯ মার্চ ২০১৭ বৃহস্পতিবার | প্রতিষ্ঠান প্রধান |
| (৫) | নির্বাচন কমিশন নিয়োগ | ১১ মার্চ ২০১৭ রবিবার | প্রতিষ্ঠান প্রধান |
| (৬) | ভোটার তালিকা প্রকাশ ও নির্বাচনের তফসিল ঘোষণা | ১৫ মার্চ ২০১৭ বুধবার | প্রতিষ্ঠান প্রধান ও নির্বাচন কমিশন |
| (৭) | নির্বাচন | ৩০ মার্চ ২০১৭ বৃহস্পতিবার | প্রতিষ্ঠান প্রধান ও নির্বাচন কমিশন |
| (৮) | নির্বাচন সংক্রান্ত প্রতিবেদন ব্যানবেইসে প্রেরণ | ৩০ মার্চ ২০১৭ বৃহস্পতিবার | প্রতিষ্ঠান প্রধান ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |

### মাধ্যমিক বিদ্যালয় ও দাখিল মাদরাসায় স্টুডেন্টস কেবিনেট নির্বাচন ২০১৭ এর তফসিল

| ক্রমিক | বিষয় | সময়সীমা | দায়িত্ব |
|---|---|---|---|
| (১) | মনোনয়ন পত্র আহবান | ১৬ মার্চ ২০১৭ বৃহস্পতিবার | নির্বাচন কমিশন |
| (২) | মনোনয়নপত্র জমা | ১৮ মার্চ ২০১৭ শনিবার | নির্বাচন কমিশন |
| (৩) | মনোনয়নপত্র বাছাই ও বৈধ প্রার্থীর তালিকা প্রকাশ | ১৯ মার্চ ২০১৭ রবিবার | নির্বাচন কমিশন |
| (৪) | মনোনয়নপত্র প্রত্যাহার এবং চুড়ান্ত তালিকা প্রকাশ | ২০ মার্চ ২০১৭ সোমবার | নির্বাচন কমিশন |
| (৫) | ভোট গ্রহণ (সকাল ৯.০০-২.০০ টা) ও ফলাফল প্রকাশ | ৩০ মার্চ ২০১৭ বৃহস্পতিবার | নির্বাচন কমিশন |